

## ০১. উচ্চাবনের শিরোনাম : শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপায়।

### উদ্দেশ্য ও লক্ষ্য :

- ব্যক্তি ও জাতীয় জীবনে কর্মের প্রতিটি ক্ষেত্রে ডিজিটালাইজেশন।
- প্রতিনিয়ত হালগাগাদের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য আপডেটকরণ।
- গতানুগতিক এনালগ পদ্ধতিতে প্রতি বছর শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে তথ্য সংগ্রহ বন্ধকরণ।
- খুব কম সময়ে উন্নয়ন প্রকল্প বা কর্মসূচী প্রণয়ন।
- উন্নয়ন প্রকল্প বা কর্মসূচী প্রণয়নের সময় সঠিক তথ্যের মাধ্যমে সুসম উন্নয়ন নিশ্চিতকরণ।
- শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সর্বস্তরের জনগনের জন্য উন্মোক্তকরণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।

### সমস্যা সম্পর্কিত বিবৃতিঃ

উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যসমূহ অনলাইনে সংরক্ষণ না থাকায় প্রতি বছরই কয়েকবার প্রকল্প বা কর্মসূচি গ্রহণ করার আগে একই প্রতিষ্ঠানের তথ্য বারবার সার্ভে করতে হয়। এতে করে একই প্রতিষ্ঠানের তথ্য বারবার সার্ভে করতে গিয়ে একদিকে যেমন শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানে বিঘ্ন ঘটে, অন্যদিকে মাঠ পর্যায়ের প্রকৌশলীদের কর্মসূচী নষ্ট হয় ও সরকারের আর্থিক ব্যয় বৃক্ষি পায়। তথ্যসমূহ ওয়েবসাইটে সংরক্ষিত না থাকায় অসম উন্নয়নের পাশাপাশি দেশের সাধারণ জনগণ তার শিক্ষা প্রতিষ্ঠানের কোন তথ্য সহজে পান না।

### সমস্যার সমাধানঃ

- খুব কম সময়ে উন্নয়ন প্রকল্প বা কর্মসূচী প্রণয়ন করা যাবে।
- মাননীয় সংসদ সদস্য মহোদয়গণ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুসমভাবে উন্নয়ন প্রকল্প বা কর্মসূচি গ্রহন করতে পারবেন।
- বারবার সার্ভে করতে হবেনা বিধায় মাঠ পর্যায়ের প্রকৌশলীগণ উন্নয়ন কাজ তদারকিতে পূর্বের চাইতে বেশী সময় প্রদানের মাধ্যমে কাজের গুননতমান আরো উন্নীত করতে পারবেন।
- প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ তাঁদের প্রতিষ্ঠানের উন্নয়ন সম্পর্কিত যাবতীয় তথ্য অনলাইনে দেখতে পারবেন।
- সর্বোপরি যে কোন ব্যক্তি দেশ বিদেশের যে কোন প্রান্ত থেকে যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ও উন্নয়ন সংক্রান্ত তথ্য ছবি সহকারে দেখতে পারবেন।

### ফলাফলঃ

সল্লসময়ে অধিক সুসম উন্নয়ন করা হবে এবং সর্বস্তরের জনগন তা দেখতে পারবেন।

## ০২. উন্নয়নের শিরোনাম : উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোড করন।

### **উদ্দেশ্য ও লক্ষ্য :**

- অফিসের কর্মক্ষেত্রকে ডিজিটালাইজেশন।
- শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন সংক্রান্ত তথ্য প্রতিনিয়ত হালগাগাদের মাধ্যমে দপ্তরের তথ্যভান্দার আপডেটকরণ।
- প্রতি মাসে অগ্রগতির প্রতিবেদন গতানুগতিক পদ্ধতিতে ডাকযোগে প্রেরণ ব্রক্সকরণ।
- দ্রুততম সময়ে আই এম ই ডি, মন্ত্রণালয়, জাতীয় সংসদসহ বিভিন্ন সরকারি দপ্তরে চাহিদা মোতাবেক তথ্য প্রেরণের মাধ্যমে ডিপার্টমেন্টের উন্নয়ন কার্যক্রমের সঠিক চিত্র প্রদর্শণ।
- যে কোন সময় অতীতের যে কোন প্রকল্প বা কর্মসূচীর যে কোন প্রকার চাহিদা মোতাবেক তথ্য নিশ্চিতকরণ।

### **সমস্যা সম্পর্কিত বিবৃতি:**

হেড কোয়ার্টার থেকে জেলা অফিসসমূহের দুরত্বের কারণে মাঠ পর্যায় হতে যথাসময়ে অগ্রগতির প্রতিবেদনসমূহ বিলম্বে পাওয়া যেত বিধায় মন্ত্রণালয় ও আইএমইডিকে প্রকল্পের অগ্রগতি অবহিত করতে বিলম্ব হতো। এতে করে উন্নয়ন কাজ সফলভাবে বাস্তবায়নের পরও মাঝে মধ্যে অধিদপ্তরের কর্মদক্ষতা সঠিকভাবে পরিলক্ষিত হতো না।

### **সমস্যার সমাধান:**

- দ্রুততম সময়ে আই এম ই ডি, মন্ত্রণালয়, জাতীয় সংসদসহ বিভিন্ন সরকারি দপ্তরে চাহিদা মোতাবেক তথ্য প্রেরণে করা যাবে।
- তথ্য আপলোডকারী ও ব্যবহারকারী দুই প্রাণের কর্মকর্তা/কর্মচারীগণের যেমন অধিক সময় সাশ্রয় হবে তেমনি কর্মসূচী সাশ্রয় হবে ও কর্মদক্ষতা বাড়বে।
- যে কোন সময় অতীতের যে কোন প্রকল্প বা কর্মসূচীর যে কোন প্রকার চাহিদা মোতাবেক তথ্য প্রদান করা যাবে।

### **ফলাফল:**

দ্রুত সেবা পাওয়ায় জনগনের সময় সাশ্রয়ের পাশাপাশি সরকারি অফিস সম্পর্কে ইতিবাচক দৃষ্টিভঙ্গি সৃষ্টি হবে।